

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫১৬

২৭/ আদব

পরিচ্ছেদঃ সবর (ধৈর্যের) বিবরণ

আরবী

وَعَنْ أَبِي يَحيَى صُهَيبِ بنِ سِنَانٍ قَالَ : قَالَ رَسُوْلُ الله ﷺ عَجَباً لأَمْرِ المُؤمنِ إِنَّ أَمْرَهُ كُلَّهُ لَهُ خيرٌ ولَيسَ ذلِكَ لأَحَدٍ إِلاَّ لِلْمُؤْمِنِ : إِنْ أَصَابَتْهُ سَرَّاءُ شَكَرَ فَكَانَ خَيراً لَهُ وإِنْ أَصَابَتْهُ ضَرَاءُ صَبَرَ فَكَانَ خَيْراً لَهُ رواه مسلم

বাংলা

(৩৫১৬) আবৃ ইয়াহয়া সুহাইব ইবনে সিনান (রাঃ) হতে বর্ণিত আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "মুমিনের ব্যাপারটাই আশ্চর্যজনক। তার প্রতিটি কাজে তার জন্য মঙ্গল রয়েছে। এটা মু'মিন ব্যতীত অন্য কারো জন্য নয়। সুতরাং তার সুখ এলে আল্লাহর কৃতজ্ঞতা প্রকাশ করে। ফলে এটা তার জন্য মঙ্গলময় হয়। আর দুঃখ পৌঁছলে সে ধৈর্য ধারণ করে। ফলে এটাও তার জন্য মঙ্গলময় হয়।" (মুসলিম ৭৬৯২)

ফুটনোট

(মুসলিম ৭৬৯২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন